**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 10-05-2026**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

## ADC-VILLAGE COMMITTE :

রাজ্য নির্বাচন কমিশন ADC`র ভিলেজ কমিটি নির্বাচনের জন্য প্রস্তুতি শুরু করেছে | নির্বাচন কমিশন গতকাল ভিলেজ কমিটিগুলির ভোটকেন্দ্রে খসড়া তালিকা প্রকাশের জন্য বিজ্ঞপ্তি জারি করেছে৷ এই বিজ্ঞপ্তি অনুযায়ী, ভোটকেন্দ্রের খসড়া তালিকা প্রকাশ করা হবে আগামীকাল ১১ ই মে | খসড়া তালিকার উপর দাবি ও আপত্তি গ্রহণ করা হবে আগামী ১৫ ই মে পর্যন্ত৷ দাবি ও আপত্তির নিষ্পত্তির কাজ শেষ হবে আগামী ১৬ ই মে | ভিলেজ কমিটিগুলির ভোটকেন্দ্রের চূড়ান্ত তালিকা প্রকাশ করা হবে আগামী ১৮ ই মে |

*********************

## P.M. on Social Pensions :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি এনডিএ সরকারের ১১ বছর আগে শুরু করা পিএম জীবন জ্যোতি বিমা যোজনা, পিএম সুরক্ষা বিমা যোজনা এবং অটল পেনশন যোজনার মতো গুরুত্বপূর্ণ সামাজিক নিরাপত্তা ও পেনশন স্কিমগুলোর প্রভাব তুলে ধরেছেন। তিনি বলেন, এই উদ্যোগগুলি, দেশবাসীর জন্য মর্যাদা, নিশ্চয়তা এবং আর্থিক নিরাপত্তা নিশ্চিত করার ক্ষেত্রে সরকারের অঙ্গীকারকে প্রতিফলিত করছে ।গতকাল সামাজিক মাধ্যমে এক পোস্টে প্রধানমন্ত্রী উল্লেখ করেছেন, পিএম জীবন জ্যোতি বিমা যোজনা এবং পিএম সুরক্ষা বিমা যোজনা

সাধারণ মানুষের জীবনের উপর ইতিবাচক প্রভাব ফেলেছে এবং দেশে সামাজিক নিরাপত্তা কাঠামোকে শক্তিশালী করেছে। অটল পেনশন যোজনার সুবিধাগুলোর উল্লেখ করে শ্রী-মোদি বলেন, এই যোজনাটি দেশবাসীকে তাঁদের বার্ধক্যকালে আরও সুরক্ষিত জীবনযাপনে সক্ষম করেছে এবং এটি সরকারের সামাজিক নিরাপত্তা সহজলভ্য ও অন্তর্ভুক্তিমূলক করার প্রতিশ্রুতিকে প্রতিফলিত করে। প্রধানমন্ত্রী অটল পেনশন যোজনার আওতায় মহিলাদের অংশগ্রহণ এবং প্রাপ্ত সুবিধা বৃদ্ধির বিষয়েও সন্তোষ প্রকাশ করেন এবং এই প্রকল্পের সাফল্যে নারী শক্তির অবদানের ওপর জোর দেন।

********************

**Panchayet Awards :**

কেন্দ্রীয় সরকার জাতীয় পঞ্চায়েত পুরস্কার ২০২৫-এর বিজয়ীদের নাম ঘোষণা করেছে, যেখানে সারা দেশ থেকে ৪২টি পঞ্চায়েত এই সম্মানের জন্য নির্বাচিত হয়েছে। পঞ্চায়েতি রাজ মন্ত্রক জানিয়েছে যে, আগামী মাসের ৩ তারিখে নয়াদিল্লিতে পুরস্কার বিতরণী অনুষ্ঠান অনুষ্ঠিত হবে। নানাজি দেশমুখ সর্বোত্তম পঞ্চায়েত সতত বিকাশ পুরষ্কার - ২০২৫ এর জন্য দেশের সর্বশ্রেষ্ঠ জেলা হিসেবে মনোনীত হয়েছে সিপাহীজলা জেলা | এর পুরস্কার মূল্য ৫ কোটি টাকা | স্বাস্থ্যন্নোত পঞ্চায়েত হিসেবে শীর্ষস্থান পেয়েছে ঊনকোটি জেলার কুমারঘাট মহকুমার কাঞ্চনবাড়ি গ্রাম পঞ্চায়েত৷ মহিলা বান্ধব পঞ্চায়েত হিসেবে তৃতীয় স্থানের জন্য নির্বাচিত হয়েছে পশ্চিম জেলার হেজামারা ব্লকের বৈকুণ্ঠপুর গ্রাম পঞ্চায়েত |

********************

**National Lok Adalat :**

রাজ্যে গতকাল জাতীয় লোক আদালত অনুষ্ঠিত হয় | লোক আদালতের ৪৬ টি বেঞ্চে নিষ্পত্তির জন্য ২৫ হাজার ৫১৪ টি মামলা তোলা হয়। রাজ্য আইনসেবা কর্তৃপক্ষের উপ সচিব জানিয়েছেন, ১০ হাজারেরও বেশি মামলার নিষ্পত্তি হয়েছে লোক আদালতে | এর মধ্যে ত্রিপুরা হাইকোর্টে দু`টি মামলার নিষ্পত্তি করা হয়েছে।

*******************

**CM-WEST BENGAL :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির উপস্থিতিতে পশ্চিমবঙ্গের প্রথম বিজেপি মুখ্যমন্ত্রী হিসেবে শপথ নিলেন শুভেন্দু অধিকারী। রাজ্যপাল আর. এন. রবি তাঁকে শপথবাক্য পাঠ করান। সাথে আরও পাঁচজন মন্ত্রী শপথ নিয়েছেন। গতকাল কলকাতার ব্রিগেড প্যারেড গ্রাউন্ডে শপথ গ্রহণ অনুষ্ঠানে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ, প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং, কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী জেপি নাড্ডা, বিজেপি-র জাতীয় সভাপতি নীতিন নবীন, ত্রিপুরার মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা সহ বিভিন্ন রাজ্যের মুখ্যমন্ত্রীরা উপস্থিত ছিলেন।

পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীকে অভিনন্দন জানিয়েছেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা।

*******************

**RABINDRA JAYANTI :**

রাজ্যজুড়ে নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে গতকাল বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের ১৬৫ তম জন্মবার্ষিকী পালিত হয়েছে | রাজ্যভিত্তিক কবিপ্রনাম অনুষ্ঠানের আয়োজন করা হয় কৈলাশহরের ঊনকোটি কলাক্ষেত্রে| বিদ্যালয় শিক্ষা দপ্তরের উদ্যোগে ও তথ্য-সংস্কৃতি দপ্তরের সহযোগিতায় আয়োজিত এই অনুষ্ঠানের উদ্বোধন করেন যুব বিষয়ক ও ক্রীড়ামন্ত্রী টিংকু রায়। উপস্থিত ছিলেন, ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ প্রমুখ।

***********************

**Sabroom Baisakhi Mela :**

সাব্রুমের ঐতিহ্যবাহী বৈশাখী মেলা গতকাল থেকে সাব্রুমের মেলারমাঠে শুরু হয়েছে। রাজ্যের শিল্প ও বানিজ্য মন্ত্রী শান্তনা চাকমা ১০ দিনব্যাপী এই মেলার সূচনা করেন। মেলায় ১৩ টি সরকারী দপ্তরের প্রদর্শনী মন্ডপ সহ প্রচুর দোকানী পসরা নিয়ে বসেছেন। মেলার প্রথম সন্ধ্যায় রবীন্দ্রনাথ ঠাকুরের জন্মদিন উপলক্ষে হয় কবি প্রনাম অনুষ্ঠান।

********************

**Foundation Day Muhuri Natya Sansta :**

দক্ষিণ জেলার জোলাইবাড়ি ব্লকের কুষারঘাটে মুহুরী নাট্য সংস্হার অফিস প্রাঙ্গণে গতকাল এক মনোজ্ঞ অনুষ্ঠানের মাধ্যমে সংস্হার পঞ্চম প্রতিষ্ঠা দিবস পালিত হয়৷ প্রবীন যাত্রাশিল্পী প্রতুল সরকার, মুহুরী নাট্য সংস্থার সভাপতি প্রানজীব সরকার, সম্পাদক কুমুদ চন্দ্র দাস প্রমুখ নাট্যচর্চার গুরুত্ব তুলে ধরে বক্তব্য রাখেন।

********************

**→BANAE_QUEST 2026" :**

ড. বাবাসাহেব আম্বেদকর ন্যাশনাল অ্যাসোসিয়েশন অফ ইঞ্জিনিয়ার্স -এর উদ্যোগে আজ আগরতলার সুকান্ত অ্যাকাডেমিতে  অনুষ্ঠিত হবে →BANAE QUEST 2026" শীর্ষক পূর্বাঞ্চলীয় সম্মেলন। গতকাল সাংবাদিক সম্মেলনে এ কথা জানিয়েছেন সংগঠনের সভাপতি প্রিয়নাথ দাস। তিনি বলেন এই সম্মেলন দেশের বিভিন্ন প্রান্ত থেকে আগত প্রকৌশলী, শিক্ষাবিদ, পেশাজীবী, সমাজকর্মী, নীতিনির্ধারক এবং শিক্ষার্থীরা অংশগ্রহণ করবেন।

**********************

**BLIND CRICKET :**

ত্রিপুরা ও আসামের মধ্যে দৃষ্টিহীনদের তিন ম্যাচের ক্রিকেট সিরিজের প্রথম ম্যাচে জয় পেলো রাজ্যদল। নরসিংগড়ের পঞ্চায়েত মাঠে অনুষ্ঠিত খেলায় গতকাল ত্রিপুরা ৬ উইকেটে জয় পায়। আসরে উদ্বোধন করেন পশ্চিম জেলার জেলাশাসক ড. বিশাল কুমার।

******************

**Weather :**

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে, আকাশ সাধারনত মেঘলা থাকবে | রাজ্যের সর্বত্র বজ্র-বিদ্যুত সহ বিক্ষিপ্তভাবে দু`এক পশলা বৃষ্টির সম্ভাবনা রয়েছে | আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৫ ডিগ্রির কাছাকাছি

থাকতে পারে। আজ ভোরে আগরতলায় সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৬ ডিগ্রি সেলসিয়াস।

*****************

*******************